

## **ারিভ্রাসাইলিল জাহিলিয়্যাহ**

বিভাগ/অধ্যায়ঃ ২৪. যখন দুর্বলরা হকের উপর প্রতিষ্ঠিত, তখন জাহিল কর্তৃক হক্ব প্রত্যাখ্যান করা রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

যখন দুর্বলরা হক্কের উপর প্রতিষ্ঠিত, তখন জাহিল কর্তৃক হক্ক প্রত্যাখ্যান করা

দুর্বলরা হক্ব গ্রহণে অগ্রবর্তী হলে জাহিলরা তা গ্রহণ করা থেকে বিরত থাকে। অহংকারের সাথে তারা ধৃষ্টতা দেখায়। আল্লাহ তা'আলা তাদের ব্যাপারে আয়াত নাযিল করে বলেন,

আর তুমি তাড়িয়ে দিয়ো না তাদেরকে, যারা নিজ রবকে ডাকে (সূরা আল আন আম ৫:৫২)

.....

ব্যাখ্যা: দুর্বলরা হক্কের উপর অবিচল থাকলে জাহিলরা তা প্রত্যাখ্যান করে। এ কারণে তারা বলে,

'এরাই কি, আমাদের মধ্য থেকে যাদের উপর আল্লাহ অনুগ্রহ করেছেন? (সূরা আন'আম ৬:৫৩)। অর্থাৎ তারা আমাদের চেয়ে জাল্লাতে প্রবেশের দিক থেকে উত্তম নয়। আমরাই দুর্বলদের চেয়ে অগ্রগামী ও আমরা তাদের চেয়ে সম্মানিত। সমাজে ঐ সব দুর্বলদের কোন মূল্য নেই ও তাদের কোন অংশও নেই। মহান আল্লাহ তা'আলা ঐ সব জাহিলদের কথাকে প্রত্যাখ্যান করে বলেন.

আল্লাহ কি কৃতজ্ঞদের ব্যাপারে পূর্ণ জ্ঞাত নয়? (সূরা আন আম ৬:৫৩)।

আল্লাহ তা'আলা যাদেরকে ভালবাসেন কেবল তাদেরকে সঠিক দীন দান করেন। অপরপক্ষে যাদের প্রতি আল্লাহর ভালবাসা ও শক্রতা রয়েছে উভয়কে তিনি দুনিয়ার প্রাচুর্যতা দান করেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9006

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন